



জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ।



নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র নং: জাককানইবি/রেজি:/বিজনি/১১৫১/২০১৮/১১৪৫

তারিখঃ ০৯/০২/২০২১ইং


এই বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ নিম্নলিখিত অস্থায়ী পদে নিয়োগকল্পে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	বয়স (বছর)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	প্রভাষক বেতন স্কেল-৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০/-) অর্থনীতি বিভাগ (শিক্ষা ছুটির বিপরীতে অস্থায়ী)	০১টি		ক) প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। খ) এসএসসি ও এইচএসসিতে প্রথম বিভাগ/জিপিএ ৪.০০ থাকতে হবে; স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তরে প্রথম শ্রেণী/জিপিএ ৩.৫০ গ্রেড (৪.০০ ও ৫.০০ উভয় স্কেলে) অবশ্যই থাকতে হবে। গ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী/সম্মান গ্রেড গ্রহণযোগ্য নয়।

শর্তাবলী :

- ০১। আবেদনকারীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে ০৮ (আট) সেট আবেদন রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ বরাবরে আগামী ২৮/০২/২০২১ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে জমা দিতে হবে। আবেদনের শর্তাবলীসহ বিস্তারিত তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.jkknui.edu.bd ভিজিট করুন।
- ০২। প্রার্থীকে আবেদনপত্রের সংগে নিম্নবর্ণিত সনদসমূহ সংযুক্ত করতে হবে :
(ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্র (শিক্ষকদের জন্য) এর সত্যায়িত অনুলিপি।
(খ) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের অনুলিপি।
(গ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের অনুলিপি।
(ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি।
(ঙ) উপজাতীয় সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
- ০৩। চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০৪। প্রাপ্ত আবেদনসমূহ বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে নিয়োগ বাছাই বোর্ডে লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে।
- ০৫। নিয়োগের ক্ষেত্রে কোটার বিষয়ে সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।
- ০৬। সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, সোনালী ব্যাংক লিমিটেড, বিশ্ববিদ্যালয় শাখা, ত্রিশাল, ময়মনসিংহের অনুকূলে উক্ত পদের জন্য ৬০০/-টাকার (অফেরযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৭। আবেদনপত্রের নির্ধারিত স্থানে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।
- ০৮। উপরোক্ত পদে আবেদন করার জন্য রেজিস্ট্রার অফিস অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.jkknui.edu.bd থেকে অথবা ১০/- টাকা মূল্যের অব্যাহত ডাকটিকেটসহ নিজস্ব পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ফেরত খাম প্রেরণের মাধ্যমে নির্ধারিত ফরম ও আবেদন করার শর্তাবলী সংগ্রহ করা যাবে। ডাকযোগে আবেদন ফরম সংগ্রহের ক্ষেত্রে খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।
- ০৯। প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- ১০। নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকার প্রদানে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১। ক্রেডিটপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না।
- ১২। নিয়োগ সংক্রান্ত ব্যাপারে যে কোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৩। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না।
- ১৪। সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নাই।

ডাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে


(কৃষিবিদ ড. মোঃ হুমায়ুন কবীর)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।
ফোনঃ ০৯০৩২-৫৬২৭২